সংবাদ

তারিখ: 1 MAR 2013
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

প্রাথমিক শিক্ষক বদলি নীতিমালা চূড়ান্ত

# নিজ উপজেলার শূন্য পদে অগ্রাধিকার ভিত্তিতে বদলি হতে পারবেন শিক্ষকরা

সংসদ বার্তা পরিবেশক

যারা দীর্ঘদিন (২৭-২৮ বছরের অধিককাল) নিজ উপজেলার বাইরে চাকরি করেছেন তারা শূন্য পদ থাকা সাপেক্ষে নিজ উপজেলায় বদলি হতে পারবেন এমন বিধান রেখে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নীতিমালা চূড়ান্ত করেছে সংসদীয় কমিটি।

গতকাল সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৩২তম বৈঠকে নীতিমালাটি চূড়ান্ত করা হয়েছে। কমিটির সভাপতি আলহাজ মমতাজ বেগমের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মো. আফছারুল আমীন, মো. আতিউর রহমান আতিক, আফাজ উদ্দিন আহমেদ, আবদুল মান্নান, তালুকদার মো. ইউনুস, অধ্যক্ষ খদিজা খাতুন শেফালী এবং জোবেদা খাতুন অংশ নেন।

কমিটি সূত্র জানায়, বৈঠকে থানা শিক্ষা অফিসারদের বদলি নিয়েও আলোচনা হয়। এ সময় সহকারী থানা শিক্ষা কর্মকর্তাদের একই উপজেলায় তিন বছর এবং জেলায় সর্বোচ্চ ৬ বছর চাকরি করতে পারবেন বলে সিদ্ধান্ত দেয় কমিটি। তবে থানা শিক্ষা কর্মকর্তাদের বেলায় এই বিধান প্রযোজ্য হবে না। তাদের এক জেলায় চাকরিকাল তিন বছরের অধিক হবে না।